# পশ্চিমবঙ্গ সরকার
## পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
## জেশপ্ বিল্ডিং (দ্বি-তল), ৬৩, নেতাজী সুভাষ রোড
## কলকাতা-৭০০ ০০১

নং : ১২৮৪/পিএন/ও/ ১/ ১এ- ১/০৪ (অংশ-২) তাং : ০৮. ০৩. ২০১০

## আদেশনামা

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ১৬ক ধারার (৬) উপধারার (গ) উপচ্ছেদ অনুযায়ী প্রতিটি গ্রামসংসদ এলাকার মানুষের বিশেষতঃ গরীব ও পিছিয়েপড়া মানুষের সার্বিক উন্নয়নের জন্য তৈরী হবে গ্রাম উন্নয়ন সমিতি। এই সমিতি সবাইকে সঙ্গে নিয়ে গ্রামসংসদ এলাকায় উন্নয়ন প্রকল্প বা পরিকল্প রূপায়ণে গ্রাম পঞ্চায়েতকে সহায়তা করবে এবং কাজের তদারকী করবে। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (গ্রাম পঞ্চায়েত প্রশাসন) নিয়মাবলী, ২০০৪-এর ৭০ নিয়মের (৪) উপনিয়ম অনুসারে গ্রামসংসদ-এর বিশেষ অধিবেশনে উপস্থিত সদস্যরা হাত তুলে বা ভোটাভুটি করে গ্রাম উন্নয়ন সমিতির সদস্য নির্বাচন করবে। কিন্তু এই প্রকাশ্য নির্বাচনে গ্রামসংসদ-এর সদস্যদের মধ্যে একতার পরিবর্তে হিংসা ও বিভেদ বাড়ছে এবং পঞ্চায়েতের উন্নয়ন প্রকল্প বা পরিকল্প রূপায়ণে বাধার সৃষ্টি করছে। তাই এমত পরিস্থিতিতে গ্রাম উন্নয়ন সমিতি গঠনের জন্য রাজ্যসরকারের পঞ্চায়েত ও গ্রামন্নোয়ন বিভাগ কর্তৃক প্রচারিত পূর্বতন আদেশগুলি [ ক্রমিক সংখ্যা ১১০-পিএন/ও/ ১/ ১এ- ১/২০০৪ তাং- ০৭/০১/২০০৫ এবং ৪৯৪৫-পিএন/ও/ ১/ ১এ- ১/২০০৪ (অংশ-৩) তাং- ১০/ ১২/২০০৮ ] বাতিল করে নূতনভাবে নির্দেশ জারীর প্রয়োজন দেখা দিয়েছে। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (গ্রাম পঞ্চায়েত প্রশাসন) নিয়মাবলী, ২০০৪-এর ৭০, ৭১,৭২,৭৩ (২) এবং ৭৪ নিয়মগুলি আপাতত স্থগিত থাকবে এবং ঐ নিয়মগুলি শীঘ্রই সংশোধন করা হবে ।

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ২১২ ধারা বলে রাজ্যপাল পরিবর্তিত পদ্ধতিতে গ্রাম উন্নয়ন সমিতি গঠনের নির্দেশ জারী করছেন এবং পৃথক আদেশ বলে বিশেষভাবে চিহ্নিত গ্রাম পঞ্চায়েতগুলি ব্যতীত এই রাজ্যের সকল গ্রাম পঞ্চায়েতগুলিতে এই আদেশ বলবৎ হবে। মোট ১২ থেকে ১৫ জন সদস্য বা সদস্যা নিয়ে প্রতিটি গ্রামসংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠন করা হবে যাঁরা অবশ্যই সংশ্লিষ্ট গ্রামসংসদের সদস্য বা ভোটার হবেন। গ্রাম উন্নয়ন সমিতিতে কারা সদস্য বা সদস্যা হবেন, এই সদস্যরা কিভাবে মনোনীত হবেন, ও তাদের দায়িত্ব কি হবে তা নিম্নলিখিত অনুচ্ছেদগুলিতে নির্দিষ্ট করা হয়েছে।

(ক) গ্রাম উন্নয়ন সমিতি গঠন - সাধারণ নির্বাচন বা উপনির্বাচনের মাধ্যমে সংশ্লিষ্ট গ্রামসংসদ থেকে গ্রাম পঞ্চায়েতে সদস্য নির্বাচনের এবং তার শপথ গ্রহণের তিনমাসের মধ্যে অথবা এই আদেশ জারীর তিনমাসের মধ্যে গ্রাম উন্নয়ন সমিতি নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠন করতে হবে,-

(১) সংশ্লিষ্ট গ্রামসংসদ থেকে নির্বাচিত গ্রাম পঞ্চায়েতের সদস্য / সদস্যা অথবা সদস্য বৃন্দ / সদস্যা বৃন্দ ;

(২) ঐ নির্বাচন ক্ষেত্র থেকে নিকটতম পরাজিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা প্রার্থী বৃন্দ;

(৩) ঐ গ্রামসংসদে যদি স্ব-নির্ভর দলের উপসংঘ থাকে তাহলে উপসংঘের দলনেত্রী বা সম্পাদিকা যিনি গ্রাম সংসদেরও সদস্য ;

৪(ক) সংশ্লিষ্ট গ্রামসংসদ থেকে নির্বাচিত গ্রাম পঞ্চায়েতের সদস্য / সদস্যা অথবা সদস্য বৃন্দ / সদস্যা বৃন্দ মোট ছয়জন ব্যক্তিকে গ্রাম উন্নয়ন সমিতিতে মনোনীত করবেন, যারা ঐ গ্রাম সংসদেরও সদস্য বা সদস্যা । সদস্য বৃন্দ / সদস্যা বৃন্দ দুটি ভিন্ন রাজনৈতিক দলের বা মতের হলে প্রত্যেকে তিনজন করে ব্যক্তিকে মনোনয়ন করবেন এবং ঐ ব্যক্তিরা ৫ (ক) নং ক্রমিকে উল্লিখিত শ্রেনীর মধ্য থেকে মনোনীত হবেন ।

৪(খ) ঐ নির্বাচন ক্ষেত্র থেকে নিকটতম পরাজিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা প্রার্থী বৃন্দ মোট চারজন ব্যক্তিকে গ্রাম উন্নয়ন সমিতিতে মনোনীত করবেন, যাঁরা ঐ গ্রাম সংসদেরও সদস্য বা সদস্যা । সদস্য / সদস্যা বৃন্দ দুটি ভিন্ন রাজনৈতিক দলের বা মতের হলে প্রত্যেকে দুইজন করে ব্যক্তিকে মনোনয়ন করবেন এবং ঐ ব্যক্তিরা ৫(ক) নং ক্রমিকে উল্লিখিত শ্রেণীগুলির মধ্যে থেকে মনোনীত হবেন । পরাজিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা প্রার্থী বৃন্দ মনোনীত ব্যক্তিদের নামের তালিকা স্বাক্ষর করে প্রধানের নিকট জমা দেবেন ।

৫(ক) কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রাথমিক, উচ্চ প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক বা শিক্ষিকা ;

- শিশুশিক্ষা কেন্দ্রের সহায়ক / সহায়িকা, মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের সম্প্রসারক / সম্প্রসারিকা ;
- প্রশিক্ষণ প্রাপ্ত এবং কর্মরত এন আর ই জি এ-র সুপারভাইজার ;
- কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী , পঞ্চায়েতের কর্মচারী ;
- এ এন এম;
- আশা কর্মী ;
- অঙ্গনওয়াড়ী কর্মী ;
- স্ব-নির্ভর দলের সদস্যা ;

- কৃষক সংগঠনের সদস্য / সদস্যা ;
- মহিলা সংগঠনের সদস্যা ;
- যুব সংগঠনের সদস্য / সদস্যা এবং
- স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্য / সদস্যা

৫(খ) ৫(ক) ক্রমিকে উল্লিখিত শ্রেণীগুলি থেকে মোট দশজন (৬ +৪) সদস্য / সদস্যা মনোনীত হবেন । তপঃজাতি, তপঃউপজাতি, সংখ্যালঘু সমপ্রদায়ভুক্ত মানুষদের মনোনয়নের ব্যাপারে বিশেষ গুরুত্ব দিতে হবে । গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্য / সদস্যা অথবা সদস্য বৃন্দ / সদস্যা বৃন্দ এবং নিকটতম পরাজিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী / প্রার্থী বৃন্দ মনোনীত ব্যক্তিদের নামের তালিকা স্বাক্ষর করে প্রধানের নিকট জমা দেবেন।

(৬) ঐ প্রকার নামের তালিকা নির্বাচনের এক মাসের মধ্যে গ্রাম পঞ্চায়েত অফিসে জমা না দিলে প্রধান তাঁদের চিঠি লিখে ঐ প্রকার নামের তালিকা পরবর্তী এক মাসের মধ্যে জমা দিতে বলবেন। নির্দিষ্ট সময় অর্থাৎ তিন মাস পূর্ণ হবার সাত দিন আগে যদি সব শ্রেণীর নাম গ্রাম পঞ্চায়েত অফিসে জমা না পড়ে, তাহলে যে যে শ্রেণীভুক্ত ব্যক্তিদের নাম জমা পড়েছে তাদের নিয়েই গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হলো এই মর্মে নির্দেশ জারী করবে গ্রাম পঞ্চায়েত। যদি নামের তালিকা নির্দিষ্ট সময়ের মধ্যে জমা দেওয়া সত্ত্বেও কোন কারণে গ্রাম পঞ্চায়েত গ্রাম উন্নয়ন সমিতি গঠনের নির্দেশ জারী না করে, সেইক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রামসংসদ থেকে নির্বাচিত গ্রাম পঞ্চায়েতের সদস্য / সদস্যা বা বিরোধী নেতা / নেত্রী সমষ্টি উন্নয়ন আধিকারিককে ঐ মর্মে অভিযোগ জানাতে পারেন। অভিযোগ পাবার ১০ দিনের মধ্যে সমষ্টি উন্নয়ন আধিকারিক তদন্ত সাপেক্ষে গ্রাম উন্নয়ন সমিতি গঠনের নির্দেশ জারী করবেন এবং ঐ নির্দেশের অনুলিপি গ্রাম পঞ্চায়েতকে দেবেন । যদি সমষ্টি উন্নয়ন আধিকারিকের তদন্তে প্রমাণিত হয় যে বিভিন্ন শ্রেণীর অধীনে চিহ্নিত ব্যক্তিদের তালিকায় কোন তথ্যগত ভুল (ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত) রয়েছে এবং সেই কারণে গ্রাম পঞ্চায়েত নির্দেশ জারী করেনি, ঐ ক্ষেত্রে সমষ্টি উন্নয়ন আধিকারিক লিখিতভাবে অভিযোগকারীকে সঠিক তথ্য যত শীঘ্র সম্ভব তার অফিসে জমা দিতে নির্দেশ দেবেন এবং সঠিক তথ্য পাবার পর গ্রাম উন্নয়ন সমিতি গঠনের নির্দেশ জারী করবেন

(খ) গ্রাম উন্নয়ন সমিতির দায়িত্ব - সংশ্লিষ্ট গ্রামসংসদ থেকে নির্বাচিত গ্রাম পঞ্চায়েতের সদস্য / সদস্যা গ্রাম উন্নয়ন সমিতির সভাপতি ও আহ্বায়ক হবেন । এক বা একাধিক সদস্য থাকলে বয়োজ্যেষ্ঠ সদস্য সভাপতি হবেন এবং অপর সদস্য আহ্বায়ক হবেন । গ্রাম উন্নয়ন সমিতির সভাপতি অন্য সদস্যদের মধ্য থেকে একজনকে মিটিঙের সিদ্ধান্তগুলি (রেজলিউশন) লেখার, রেজলিউশন রেজিস্টার এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রগুলি রাখার জন্য দায়িত্ব দেবেন । গ্রাম পঞ্চায়েত গ্রাম উন্নয়ন সমিতিকে সরকার নির্ধারিত

উন্নয়ন প্রকল্প রূপায়ণের উদ্দেশ্য ব্যতীত অন্য কোন নিঃশর্ত অর্থ বরাদ্দ করবে না । গ্রাম উন্নয়ন সমিতির দায়িত্ব হবে -

- ❖ গ্রাম সংসদের প্রয়োজন অনুসারে এবং অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা তৈরী করা এবং এন আর জি এ-র লেবার বাজেট তৈরী করা ;
- ❖ গ্রাম পঞ্চায়েতকে উন্নয়ন প্রকল্প বা পরিকল্প রূপায়ণে সহায়তা করা ;
- ❖ সংসদ সভাগুলির আয়োজনে গ্রাম পঞ্চায়েতকে সহায়তা করা এবং সংসদের সভায় মানুষের সক্রিয় অংশগ্রহণ সুনিশ্চিত করা ;
- ❖ গ্রাম পঞ্চায়েত সংসদ এলাকার মধ্যে যে গুরুত্বপূর্ণ কর্মসূচী নিয়েছে সেই সংক্রান্ত তথ্য নাগরিকদের জানানো ;
- ❖ খেলাপী কর ও অ-কর দাতাদের নামের তালিকা সংসদ এলাকায় প্রকাশ্য স্থানে টাঙানো এবং  কর আদায়ে গ্রাম পঞ্চায়েতকে সহায়তা করা ;
- ❖ গ্রাম উন্নয়ন সমিতির কাজের জন্য গ্রাম সংসদের কাছে দায়বদ্ধ থাকা ।

(গ) গ্রাম উন্নয়ন সমিতির সভা - গ্রাম উন্নয়ন সমিতি প্রতি মাসে সংসদ এলাকার মধ্যে প্রকাশ্য স্থানে একটি বা একাধিক সভা করবে । গ্রাম উন্নয়ন সমিতির সভাপতি ঐ সভা ডাকবেন সাতদিনের নোটিশ দিয়ে এবং জরুরী প্রয়োজনে তিনদিনের নোটিশ দিয়ে সভা আহ্বান করা যাবে। সভায় কমপক্ষে এক-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হবে । সভাপতি একাদিক্রমে তিনমাস সভা না ডাকলে গ্রাম উন্নয়ন সমিতির মোট সদস্যর এক-তৃতীয়াংশ কমপক্ষে তিনদিনের নোটিশ দিয়ে সভা আহ্বান করতে পারবেন আলোচনার জন্য । কোরামের অভাবে সভা মুলতুবী হবে এবং প্রথম সভার পর সপ্তম দিনে ঐ মুলতুবী সভা বসবে এবং নির্দিষ্ট কোরাম লাগবে । সভাপতি সভা পরিচালনা করবেন । সভাপতির অনুপস্থিতিতে উপস্থিত সদস্যরা গ্রাম উন্নয়ন সমিতির কোন সদস্যকে সভাপতি নির্বাচিত করে সভা করবেন। সভার কার্য্যবিবরণী (খ) অনুচ্ছেদে দায়িত্বপ্রাপ্ত সদস্য লিপিবদ্ধ করবেন, সভায় উপস্থিত সকল সদস্যকে পাঠ করে শোনাবেন এবং আর কোন সদস্যর কোন আপত্তি বা অভিযোগ না থাকলে সভাপতি ঐ রেজলিউশন খাতায় স্বাক্ষর করবেন । সদস্যরা সহমতের ভিত্তিতে সিদ্ধান্ত নেবেন, কিন্তু সব সদস্যরা একমত না হলে সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে সিদ্ধান্ত নেবেন ।

রাজ্যপালের আদেশানুসারে,
স্বাঃ- মানবেন্দ্রনাথ রায়
প্রধান সচিব
পশ্চিমবঙ্গ সরকার

**নং : ১২৮৪/১(৭)/পিএন/ও/১/১এ-১/০৪ (অংশ-২)** **তাং : ০৮. ০৩. ২০১০**

আদেশনামার প্রতিলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রেরিত হল :

১. কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পঞ্চায়েত ভবন, কলকাতা-৭০০ ০০১ ।

২. অধিকর্তা, রাজ্য পঞ্চায়ত ও গ্রামান্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া ।

৩. জেলা শাসক ..........................................................................................................জেলা (সকল) ।

৪. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক ........................................................জেলা (সকল) ।

৫. ব্লক উন্নয়ন আধিকারিক.....................................................................ব্লক (সকল) ।
আদেশনামার অনুলিপি সকল গ্রাম পঞ্চায়েতে বন্টনের জন্য অনুরোধ করা হচ্ছে ।

৬. ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব / রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব ।

৭. সভাপতি / সম্পাদক ..............................................................................................(রাজনৈতিক দল) ।

যুগ্মসচিব
পশ্চিমবঙ্গ সরকার